

নেমেছে সন্ধ্যা

❖ রত্নজ্যোতি চক্রবর্তী

দেখেছি আজ বৃষ্টি
সারাদিন জুড়ে গেছে জানালায় ;
ভিজেছে সোনালী মঞ্চ
সাজানো সকাল -
কেঁদেছে বাইরের পথ ।

হারানো গল্পের বই,
গোলাপের কাঁটা ;
রাতের গন্ধে ডেকেছে কাক -
ফোটেনি আলো,
তবু হয়েছে সন্ধ্যা !

* * * *